দৈনিক বাংলা 013

তারিখ 19 JAN 1987
পৃষ্ঠা 1 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ছয় মাস পার : ভার্সিটিতে এখনো ভর্তির দরখাস্ত চাওয়া হয়নি

।। স্টাফ রিপোর্টার ।।

১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষের প্রথম সাড়ে ছয় মাস অতিক্রান্ত হলেও এখন পর্যন্ত চারটি সাধারণ বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে ভর্তির দরখাস্ত আহবান করা হয়নি। ফলে বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু হাজার হাজার শিক্ষার্থীর মাঝে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি সেশনে ছাত্র ভর্তির নীতিমালা এখনও স্থির করা হয়নি। এ পর্যন্ত ভর্তি কমিটির কোন সভাও ডাকা হয়নি। রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও অনার্স ক্লাসে ভর্তির প্রক্রিয়া শুরু হয়নি। একমাত্র প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী ৭ই ফেব্রুয়ারী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়গুলোতে চলতি সেশনে নতুন ছাত্রছাত্রী ভর্তি করতেই শিক্ষাবর্ষের মেয়াদ শেষ হয়ে যাবে। উদাহরণ হিসাবে

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ছয় মাস পার

( প্রথম পৃঃ পর )

উল্লেখ্য যে গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে জুলাই ও আগস্ট মাসে ক্লাস শুরু হয়েছিল। উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে কোন সমন্বিত নীতিমালা না থাকায় প্রতি বছরই বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির সময় বিভিন্ন জটিলতা ও দীর্ঘসূত্রতার সৃষ্টি হয়। অপচয় হয় মূল্যবান শিক্ষাবর্ষের এবং হাজার হাজার ছাত্রছাত্রীকে দুর্ভোগে পড়তে হয়।